

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৩৫

১/ বিবিধ

আরবী

زروا العارفين المحدثين من أمتي، لا تنزلوهم الجنة ولا النار، حتى يكون الله الذي
يقضي فيهم يوم القيامة
موضوع

رواه ابن عدي (1 / 208) والثقفي في " الفوائد العوالي المنتقاة " المعروفة بـ "
الثقفيات " (ج 6 رقم 10 من منسوختي) والخطيب (8 / 292) من طريق أيوب بن
سويد: حدثني سفيان عن خالد بن أبي كريمة عن عبد الله بن مسور – بعض ولد
جعفر بن أبي طالب – عن محمد بن الحنفية عن أبيه مرفوعا
وهذا إسناد موضوع، المتهم به عبد الله بن مسور قال في " الميزان ": " قال أحمد
وغيره أحاديثه موضوعة ". ثم ساق له أحاديث هذا أحدها. وفي " اللسان ": " قال ابن
المديني: كان يضع الحديث على رسول الله صلى الله عليه وسلم، ولا يضع إلا ما فيه
أدب أو زهد، فيقال له في ذلك؛ فيقول: إن فيه أجرا! " وقال البخاري: " يضع الحديث
وقال النسائي: " كذاب ". وقال ابن حبان (2 / 29): " كان ممن يروي الموضوعات
عن الأثبات ". قلت: ومع هذا فقد أورد السيوطي حديثه هذا في " الجامع الصغير! "
والحديث طريق آخر سيأتي بلفظ: دعوا المذنبين

বাংলা

৬৩৫। তোমরা আমার উম্মাতের নবাবিস্কারী প্রসিদ্ধ ব্যক্তিদেরকে পরিত্যাগ কর। তাদেরকে জান্নাতে স্থান দিও না

আর জাহান্নামেও না। আল্লাহই কিয়ামত দিবসে তাদের ব্যাপারে ফয়সালা দিবেন।

হাদীছটি জাল।

এটি ইবনু আদী (১/২০৮), ছাকাকী "আল-ফাওয়ায়েদুল আওয়ালিল মুনতাকাত" ["আছ-ছাকাকিয়াত" নামে প্রসিদ্ধ] (খণ্ড ৬/ নং ১০) গ্রন্থে এবং আল-খাতীব "আত-তারীখ" (৮/২৯২) গ্রন্থে আইউব ইবনু সুওয়ায়েদ সূত্রে সুফিয়ান হতে তিনি খালেদ ইবনু আবী কারীমাহ হতে তিনি আব্দুল্লাহ ইবনু মিসওয়ার হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি বানোয়াট। আব্দুল্লাহ ইবনু মিসওয়ার মিথ্যার দোষে দোষী। ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ ইমাম আহমাদ ও অন্য বিদ্বানগণ বলেছেনঃ তার হাদীছগুলো বানোয়াট। অতঃপর তিনি তার হাদীছগুলো উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। "আল-লিসান" গ্রন্থে এসেছেঃ ইবনুল মাদীনী বলেনঃ তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর হাদীছ জাল করতেন। তিনি শুধুমাত্র শিষ্টাচার বা উৎসর্গকৃত বস্তুর বিষয়ে হাদীছ জাল করতেন। তাকে যখন প্রশ্ন করা হত, তখন তিনি বলতেনঃ অবশ্যই তাতে সাওয়াব রয়েছে।

ইমাম বুখারী বলেনঃ তিনি হাদীছ জালকারী। নাসাঈ বলেনঃ তিনি মিথ্যুক। ইবনু হিব্বান (২/২৯) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীছ বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত ছিলেন। তা সত্ত্বেও সুযুতী হাদীছটি "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন!

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71514>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন